**উপজেলা পরিষদ কার্যালয়**

**উখিয়া, কক্সবাজার**

| | |
|---|---|
| বিষয় | : উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী |
| সভাপতি | : কামরুন্নেছা বেবি |
| স্থান | : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উখিয়া, কক্সবাজার |
| তারিখ | : ১০/০২/২০২২ খ্রি. |
| সময় | : দুপুর ১২ ঘটিকা |

সভার আলোচ্য বিষয়সমূহঃ

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. উখিয়া উপজেলার ক্ষুদ্র (মুদি, সবজি ও কাপড়) ব্যবসায়ীদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল।

৩. উখিয়া উপজেলার বেকার নারীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে হস্তশিল্প বিষয়ক (নকসী কাঁথা, এপলিক বেডশিট, বালিশ কভার, কুশন কভার ইত্যাদি তৈরি) প্রশিক্ষণ শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল।

৪. বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উখিয়া জানান যে, বর্তমান বিশ্বে যে বৃহদায়তন ব্যবসা প্রতিষ্ঠান চোখে পড়ে, এর সিংহভাগ শুরু হয়েছে ক্ষুদ্র বা ক্ষুদ্র থেকেই। সাধারণত বৃহদায়তন ব্যবসা প্রতিষ্ঠান একদিনে গড়ে উঠে না। এক সময়ের ক্ষুদ্র ব্যবসায় কালের পরিক্রমায় হয়ে ওঠে বৃহদায়তন ব্যবসা প্রতিষ্ঠান। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ব্যবসার ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। বিশেষ করে আমাদের মতো উন্নয়নশীল দেশে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ব্যবসার গুরুত্ব অপরিসীম। উখিয়া উপজেলায় অনেক ক্ষুদ্র ব্যবসা রয়েছে। এ উপজেলায় ২০১৭ সালে আগস্ট মাসে বাস্তুচ্যুৎ রোহিঙ্গা শরণার্থীর সমাগমে ক্ষুদ্র ব্যবসা বিশেষ করে মুদি, সবজি ও কাপড় বিক্রেতাসহ বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা চোখে পড়ে। কিন্তু বেশির ভাগ ব্যবসায়ীদের সঠিক ব্যবসায়িক জ্ঞান ও দক্ষতা না থাকায় ব্যবসাগুলো ধীরে ধীরে বন্ধ হয়ে যায়, ফলশ্রুতিতে কর্মহীন মানুষের সংখ্যা বাড়তে থাকে। এ অবস্থায় উখিয়া উপজেলার বিশেষ করে ক্ষুদ্র মুদি, সবজি ও কাপড় ব্যবসায়ীদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ প্রদান করতে পারলে সংশ্লিষ্ট ক্ষুদ্র ব্যবসাগুলো টিকে থাকার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এ দিক বিবেচনা করে **উখিয়া উপজেলার (ক্ষুদ্র মুদি, সবজি ও কাপড়) ব্যবসায়ীদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ শিরোনামে** উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া বরাবর দাখিল করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনার ফরম্যাট অনুযায়ী প্রস্তাবনা তৈরি করে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার'কে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

৩. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আরো জানান যে, আর্থ-সামাজিক প্রেক্ষাপটে অত্র উপজেলায় সমাজের পিছিয়ে পড়া বেকার নারীরা আত্ম-কর্মসংসৃংস্থানের লক্ষ্যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় হতে বিভিন্ন ট্রেডে লোন গ্রহণ করে। তন্মধ্যে হস্তশিল্প ট্রেডে লোন গ্রহিতার সংখ্যাই বেশি এবং এ বিষয়ে (নকসী কাঁথা, এপলিক বেডশিট, বালিশ কভার, কুশন কভার ইত্যাদি তৈরি) প্রশিক্ষণের ব্যাপক চাহিদা রয়েছে। কিন্তু উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উখিয়া হস্তশিল্প বিষয়ক সক্ষমতা উন্নয়ন বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য কোন বাজেট নেই। এহেন পরিস্থিতে আগ্রহী লোন গ্রহিতাদের হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণ (নকসী কাঁথা, এপলিক বেডশিট, বালিশ কভার, কুশন কভার ইত্যাদি তৈরি) প্রদান করতে পারলে অত্র এলাকার সমাজের পিছিয়ে পড়া বেকার নারীদের আত্ম-কর্মসংসৃংস্থান সৃষ্টি হবে এবং অন্যান্য বেকার নারীরা হস্তশিল্প কর্মকান্ডে উৎসাহিত হবে। ফলে এ ধরনের প্রশিক্ষণ বেকারত্ব মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে অগ্রণী ভূমিকা পালন করবে। এ দিক বিবেচনা করে **উখিয়া উপজেলার বেকার নারীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে হস্তশিল্প বিষয়ক (নকসী কাঁথা, এপলিক বেডশিট, বালিশ কভার, কুশন কভার ইত্যাদি তৈরি) প্রশিক্ষণ শিরোনামে উপ-প্রকল্প** প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি

করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া বরাবর দাখিল করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনার ফরম্যাট অনুযায়ী প্রস্তাবনা তৈরি করে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার'কে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্তসমূহঃ

ক. **উখিয়া উপজেলার ক্ষুদ্র (মুদি, সবজি ও কাপড়)** ব্যবসায়ীদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক **প্রশিক্ষণ** শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।

খ. **উখিয়া উপজেলার** বেকার নারীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে হস্তশিল্প বিষয়ক (নকসী কাঁথা, এপলিক বেডশিট, বালিশ কভার, **কুশন কভার ইত্যাদি তৈরি) প্রশিক্ষণ** শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

কামরুন্নেছা বেবি
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

উপজেলা পরিষদ কার্যালয়

উখিয়া, কক্সবাজার

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার উপস্থিতি'র হাজিরা

তারিখ : ১০/০২/২০২২ খ্রি.

| ক্রম | নাম | পদবী | প্রতিষ্ঠান ও ঠিকানা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | কামরুন নেছা বেবী ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | সভাপতি | |
| ২ | — | চেয়ারম্যান | হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | সদস্য | — |
| ৩ | এম. গফুর উদ্দিন চৌধুরী | চেয়ারম্যান | পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| ৪ | মোঃ সলিম উল্লাহ | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| ৫ | মোহাম্মদ হানিফ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার | সদস্যসচিব | |